

পিবিপ্ৰবিতে গুচ্ছভুক্ত ‘এ’ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

পিরোজপুর সংবাদদাতা

০৯ মে, ২০২৫ ১৭:২২

শেয়ার

অ +

অ -



পরীক্ষার সময় পিবিপ্ৰবি উপাচার্য অধ্যাপক ড. মো. শহীদুল ইসলাম বিভিন্ন কেন্দ্র ও কন্ট্রোল রুম পরিদর্শন করেন। ছবি : কালের কণ্ঠ

পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (পিবিপ্ৰবি) কেন্দ্রে জিএসটি গুচ্ছভুক্ত ১৯ বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ‘এ’ ইউনিটের (বিজ্ঞান অনুষদ) ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার (০৯ মে) সকাল ১১টা-১২টা পর্যন্ত পিবিপ্ৰবির অ্যাকাডেমিক ভবন ও পিরোজপুর সরকারি মহিলা কলেজ উপকেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষায় উপস্থিতির হার ছিল ৮৬ শতাংশ।

একইদিন বিকেল ৩টা-৪টা পর্যন্ত অনুষ্ঠিত হয় ‘এ’ ইউনিটের আওতাভুক্ত স্থাপত্য বিভাগের ভর্তি পরীক্ষা।

এর মধ্য দিয়ে জিএসটি গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের ভর্তি পরীক্ষার সমাপ্তি হলো। প্রতিটি পরীক্ষা অত্যন্ত সুষ্ঠু, সুন্দর ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে।

গুচ্ছভুক্ত ১৯টি বিশ্ববিদ্যালয় ছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় কেন্দ্রসহ মোট ২১টি কেন্দ্রে একযোগে ‘এ’ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। সারা দেশে প্রায় দেড় লাখের বেশি শিক্ষার্থী এ ভর্তি পরীক্ষায় অংশ নেন।

পরীক্ষার সময় পিবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মো. শহীদুল ইসলাম বিভিন্ন কেন্দ্র ও কন্ট্রোল রুম পরিদর্শন করেন। এ সময় পিরোজপুরের জেলা প্রশাসক মোহাম্মদ আশরাফুল আলম খান, পিরোজপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ শেখ রফিকুল ইসলাম এবং পিরোজপুর জেলার অতিরিক্ত পুলিশ সুপার মোহাম্মদ আবদুল আউয়াল উপস্থিত ছিলেন।

উপাচার্য ড. মো. শহীদুল ইসলাম অত্যন্ত সুষ্ঠু, সুন্দর ও শান্তিপূর্ণভাবে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ায় সংশ্লিষ্ট শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী, জেলা প্রশাসন, পুলিশ প্রশাসন, বিদ্যুৎ বিভাগ, ইলেকট্রনিক ও প্রিন্টিং মিডিয়ার সাংবাদিকসহ সকল মহলকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। তিনি বলেন, পরীক্ষা দিতে আসা শিক্ষার্থীদের সর্বাঙ্গিক সহযোগিতার জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে প্রয়োজনীয় সকল ব্যবস্থা নেওয়া হয়েছে।

নির্বিন্ধে ভর্তি পরীক্ষা আয়োজনে আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীর সদস্যরা আন্তরিকভাবে কাজ করায় তিনি ধন্যবাদ জানান। ভবিষ্যতেও তিনি জেলা ও পুলিশ প্রশাসনসহ সকলের সহযোগিতার আশাবাদ জানান।

উপাচার্য বলেন, শিক্ষার্থীদের সুবিধার্থে বিভিন্ন স্থানে ডিজিটাল ব্যানারে রোল নম্বর, কেন্দ্র ও ভবন নির্দেশক বসানো হয়েছে। এ ছাড়া ভবনের প্রবেশমুখে আইন-শৃঙ্খলা উপকমিটির সদস্য ছাড়াও পিবিপ্রবি শিক্ষার্থীরা স্বেচ্ছাসেবক হিসেবে নিয়োজিত ছিল। এর পাশাপাশি শিক্ষার্থীদের সহায়তায় হেল্প ডেস্ক, আগত অভিভাবকদের জন্য বিশ্রাম ও বিশুদ্ধ খাবার পানির ব্যবস্থা, অ্যাম্বুলেন্স ও ইমার্জেন্সি মেডিক্যাল টিমসহ নিরাপত্তা নিশ্চিত করা হয়।

গুচ্ছ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা গ্রহণের মাধ্যমে শিক্ষার্থীদের অর্থ ও সময় সাশ্রয়ের পাশাপাশি দেশের বিভিন্ন প্রান্তে

যাতায়াতের ভোগান্তি লাঘবে পিবিপ্রবিকে কেন্দ্র হিসেবে বেছে নেওয়ায় সংশ্লিষ্টদের আন্তরিক ধন্যবাদ জানান উপাচার্য।